[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

মোঃ শাফকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

সাধারণ আদেশ নং-২৫ /মূসক/২০১৯ তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ/ ৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ আগাম কর আদায় সংক্রান্ত দিক-নির্দেশনা।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর আওতায় আমদানি পর্যায়ে আগাম কর (AT) আহরণপূর্বক সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের (অত:পর মূসক কমিশনারেট হিসাবে অবিহিত) রাজস্ব বিবরণীতে প্রদর্শণের ক্ষেত্রে জটিলতা পরীলক্ষিত হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হইয়াছে। উক্ত জটিলতা পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হইল:

(ক) উক্ত আইন ও বিধিমালার আওতায় প্রতি মাসে আমদানিকৃত পণ্যের বিপরীতে আদায়কৃত আগাম কর (AT) এর তথ্যাদি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশন উক্ত পণ্যের আমদানিকারক যেই মূসক কমিশনারেটে নিবন্ধিত সেই মূসক কমিশনারেটে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করিবে;

(খ) বৃহৎ করদাতা ইউনিট-মূসক নিবন্ধন প্রদান করে না এবং ইহার অধিক্ষেত্র সারা দেশব্যাপী বিধায়, বৃহৎ করদাতা ইউনিট-মূসক ভুক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর সম্বলিত তালিকা সংরক্ষণ করিয়া এই সকল প্রতিষ্ঠানের বিপরীতে আদায়কৃত আগাম কর সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে বৃহৎ করদাতা ইউনিটে প্রেরণ করিবে। এই লক্ষ্যে, কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক) তাঁহার অধিক্ষেত্রভুক্ত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর সম্বলিত হালনাগাদ তালিকা সকল কাস্টম হাউস ও শুল্ক স্টেশনে প্রেরণ করিবে;

(গ) প্রত্যেক মূসক কমিশনারেট কাস্টম হাউস বা শুল্ক স্টেশন হইতে উহার অধিক্ষেত্রে নিবন্ধিত এমন আমদানিকারক হইতে আহরিত আগাম করের (AT) তথ্য সংগ্রহ করিয়া নিজ নিজ রাজস্ব বিবরণীতে প্রদর্শণ করিবে;

(ঘ) সংশ্লিষ্ট মূসক কমিশনারেট উক্ত আইন ও বিধিমালার আওতায় যথাযথ পদ্ধতি ও আইনি বিধি-বিধান অনুসরণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে করদাতাদের অনুকূলে আগাম কর (AT) ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে;

(ঙ) কাস্টম হাউস বা শুল্ক স্টেশন এই অর্থবছরের জুলাই, ২০১৯ মাস হইতে মাসভিত্তিক আগাম কর সংক্রান্ত রাজস্ব বিবরণী মূসক কমিশনারেটভিত্তিক আলাদা করিয়া সকল মূসক কমিশনারেটে রাজস্ব পরিসংখ্যান পুনর্বিন্যাসের লক্ষ্যে প্রেরণ করিবে। মূসক কমিশনারগণ কাস্টম হাউস বা শুল্ক স্টেশন হইতে প্রাপ্ত আগাম করের তথ্য রাজস্ব বিবরণীতে প্রদর্শণ করিয়া মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে প্রেরণ করিবে; এবং

(চ) মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান প্রাপ্ত তথ্যের আলোকে রাজস্ব বিবরণী সংশোধনপূর্বক সংশোধিত রাজস্ব বিবরণী অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারি করা হইল এবং এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**[তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০১৮.১৫/ ৪২৬ (৬২) তারিখঃ ৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৩-৬। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৯-২৪। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
২৫-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২৯। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
৩০। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩১। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩৩-৩৪। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা)/(শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৬। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**মোঃ তারেক হাসান**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)